মাননীয় প্পীকার মহাশয়, আমাদের যে সংশোধন প্রস্তাব, সেই প্রস্তাব আলোচনা প্রসংশ্য আমার প্র্ববতী বক্তরা আমাদের নিতা প্রয়োজনীয় যেসমস্ত জিনিসের উপর ট্যায় থাকার জন্য জনসাধারণের খ্র অস্ববিধা হচ্ছে, তা তারা উল্লেখ করেছেন। আমি তাঁদের সংশ্য একমত। আমি সে সম্বধ্ধে বেশি আলোচনা করে সময় নংট করতে চাই না। আমি একটা বিশেষ দিকে গঙ্চনিখেটের দৃণিও অকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে, এই যে আইন বর্তমানে সংশোধিত হতে চলেছে গত চার বছরের মধ্যে ১৯৫৪ সন থেকে আজ পর্যত্ত কিভাবে পরিবর্তিত ও পরিবর্ধিত হয়েছে এবং কি র্পে ধারণ করতে চলেছে, সে সম্বধ্ধে আপনার দৃণিও আকর্ষণ করতে চাই। প্রথম ১৯৫৪ সালের যে মূল আইন, সেই আইনটা দেখলে দেখতে পাব সেই আইনটা মূলত সেলস্ টাল্লে সংক্রুত ব্যাপারে সিগারেটের ট্যায় নির্ধারণের ক্লেতে একটা ন্তন ব্রক্থা গ্রহণের জন্য আনা হয়েছিল। সেই ১৯৫৪ সালের মূল যে আইন, সেই আইনের অর্থাং ওয়েন্ট বেগল সেলস্ট্যায় আক্ট অফ ১৯৫৪ সালের মূল যে আইন, সেই আইনের

"It shall come into force immediately on the West Pengal Cigarettes Taxation Ordinance ceasing to operate."

শুধু সিগ'রেটের উপর টাক্সের জন্য যে অভি'ন্যাম্স জারী করা হয়েছিল, তার জন্য এই আইনটা আনা হ'ল এবং দেখা গেল সেই আইনের প্রিয়েম্বলএ আছে—

"Whereas it is expedient to impose a tax on the sale of Cigarettes and other commodities."

এবং সেই টাল্কের নীতিটা—সিগারেটের সংশা আদার কমোডিটিজএর উপর প্রয়োগ করবার জন্য ৯৯৫৪ সালে অইনটা হ'ল। আজ দেখছি সিগারেট আদ্রুড আদার কমোডিটিজএর ক্ষেত্রে সিগারেট বাদ চলে য'ছে, আইনটা কেবল সারটেন নেটিফারেড কমোডিটিজএর উপর প্রয়োজ্য হ'তে চলেছে। তাতে দীড়াছে এই—সিগারেটের পরিবর্তে—এই আদার কমোডিটিজ বা নিডাবারহার্য' জিনিসের উপর এই আইন প্রযুক্ত করার চেন্টা হচ্ছে। আসল কথা—আইন রচনার ক্ষেত্রে এই যে নীতি তা আমরা সমর্থন করতে পারি না। যে বিশেষ জিনিসের উপর টাক্সেনির্ধারণের জন্য (সেই টাক্সের ক্ষেপ্র থড়াক্স বিশারণের করা হোক না কেন) যে আইন রচনা হ'ল, সেই ম্ল জিনিসটা বাদ দিয়ে সেই আইন থেলা রাখা হ'ল যে-কোন নোটফারেড ক্ষমেভিটিজএর ক্ষেত্রে সেই আইন প্রয়োগ করা বাবে ব'লে—এ জিনিসটা আমি খানিকটা বে-আইনী ব'লে মনে করি এবং বিশেষভাবে আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্যপ করি। সেইজন্য আমার অনুরোধ এই সেলস টাক্সেএর ব্যাপারে যে দৃটি আইন অছে, সেই দুটি আইন একটিত ক'রে কন্প্রিক্সের একটি আইন কর্ন এবং সেলস্ টাক্সেএর ম্বারা সেটটের অর্থপ্ত বাড়তে পারে। জনসাধারণ বাতে সাধারণ জিনিসের উপর ট্যাক্সের ম্বারা উৎপর্টাড়ত না হর, এই রক্ষ একটা বাক্স্থা কর্ন। এই হচ্ছে আমার ক্ষর্য।

## Sj. Dhirendra Nath Dhar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বন্ধব্য খ্ব সামান্য। প্রবিত্তী বন্ধারা যা বলেছেন, সেবিষয়ে বলবার কোন প্রয়েজনীয়তা নাই। কিস্তু একটি বিষয়ের উল্লেখ না করে পারছি না ত্রেটা হচ্ছে সরকার এতদিন পরে ব্রতে পেরেছেন বাংলাদেশে আর ন্তন করে কোন টাল্ল করা যাবে না। তাই বাজেট স্পীচে ডাঃ রায় বলেছেন, আমি অন্য কোন আইন করছি না যাতে ট্যাল্ল বাড়তে পারে। কিস্তু এর সপ্যে আর একটা কথা সরকারকে সমরণ করতে হবে। শৃথ্যমান ন্তন আইন করে ট্যাল্ল করবার যে ঝামেলা সেই ঝামেলা আজ জনসাধারণের উপর, চাষীর উপর চাপান যেতে পারে না। কিস্তু সপ্তেগ সপ্যে ভয় কেন? ভয় হচ্ছে এই জন্য যে জনসাধারণ ন্তন ট্যাল্ল বরার বোঝা ঘাড়ে নিতে পারে কিনা! তাই সপ্যে সপ্যে বলা হচ্ছে কেন্দ্রের নামে ন্তন ট্যাল্ল করা হচ্ছে। সেন্দ্রাল গভর্নমেন্টএর নামে যে ট্যাল্ল করা হ'ল, তাতে সকলে বলছেন নিতাপ্রয়োজনীয় জিনিসপত্রের উপর ন্তন করে ট্যাল্ল বাড়ছে। জামাকাপড়ের উপর ডবল সেলস্ ট্যাল্ল বাড়ছে। আরও সপ্যে সপ্তেগ দেখছি সেই সমস্ত প্রাথমিক প্রতক্ত ও স্পো ফ্রের বাজ প্রভৃতির উপর ট্যাল্ল বাড়ছে। এই সমস্ত ট্যাল্ল থেকে রেহাই দেবার জন্য প্রাদেশিক সরকারের মৃত করা দরকার সেন্দ্রাল গভর্নমেন্টএর কাছে।

আর একটা বিষয় হচ্ছে দিল্লী গিয়ে ডাঃ রায় এগ্রিমেন্ট করে এলেন। তিনি কার স্যাংশন নিয়ে গেলেন? থারা অ্যাসেমরির নির্বাচিত সভ্য তাদের মত নেন নাই। জনসাধারণের ঘাড়ে এই ন্তন ট্যাক্স চাপানোর এই এগ্রিমেন্ট করার জন্য হাউস থেকে তার প্রতিবাদ করা উচিত।

[4-30-4-40 p.m.]

আর একটা আপত্তির করেণ হচ্ছে—এই যে সেন্টারএর সংগ্য এগ্রিমেন্ট করলেন—প্রাদেশিক সরকার বা ডাঃ রায় এই যে এগ্রিমেন্ট করলেন—কার সংগ্য পরামর্শ করে করলেন? যথন এটা করা হয়েছিল তখন ত আাসেমার চলছিল এবং অ্যাসেমারর নির্বাচিত সদসারা এখানেছিলেন। তাঁদের পরামর্শ কি নিয়েছেন? অতএব তাঁদের মত না নিয়ে সেন্টারএর সংগ্য একটা এগ্রিমেন্ট করলেন জনসাধারণের ঘাড়ের উপর ন্তন ট্যাক্স চাপাবার জন্য। এই যে এগ্রিমেন্ট করলেন পরামর্শ না করে সেটা আমি অন্যায় মনে করি এবং এই হাউসএরও সেটা প্রতিবাদ করা উচিত। এই ব'লে আমি এই বিলের তাঁর প্রতিবাদ করছি।

### Si. Bilov Singh Nahar:

মাননীয় স্পীকার মহোদয়, এতক্ষণ বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের বস্তুতা শনে আমার মনে হচ্ছিল আমরা বাংলাদেশের অ্যাসেমব্রিতে আছি না দিল্লীর পার্লামেন্টএ ব'সে সেলস ট্যান্ত বদলাবার জন্য যাতে নতন করে ন্বিতীয়বার ট্যাক্সেশন না হয়। মাননীয় সদস্য সানীল দাস মহাশয় বলেছেন, পাবলিক ওপিনিয়নএর জন্য এটা সাকুলেট করা হোক। তিনি কি চান যে वाश्लाप्तरमञ्ज रमलम जान्त्र यये कियर प्रवाद कथा अथान व्याह्म-स्मरी. स्मर्ट रमलम जान्त्र বাংলাদেশে থাকুক অর্থাং ট্র পয়েন্ট ট্যাক্সেশন হোক? একবার সেলস্ ট্যাক্স, আবার এক্সাইজ हो। इहिन जार कना वाश्नामित्न य मिन्न हो। इहिन महो अथात कुल मिवार कथारे वना **एम्सल** द्वाराज भावत्वन त्य. जना श्रामाण बोगे ज्या एएवा राउदा रात्राह्—वाश्मापाण बोगे कवार ना किन? रमलम हो। जा मन्दर्भ (यह) इतिहरू अदिकिनाल आई स्महोदे अथारन वित्वहना करा। হরেছে। স্টেট্মেন্ট অফ অবজেক্ট্রস অ্যান্ড রিজনসএ ররেছে—সিগারেট ছাড়া আদার কমো-ডিটিক্সএর উপর থেকে এই ট্যাক্স তলে দেবার কথাই ররেছে। এর উপর যে এত বক্ততা হ'ল ও এত আর্মেন্ডমেন্ট আনা হরেছে, তার কোনই প্ররোজন আছে ব'লে মনে করি না। তারা ভাই এখনে ধান ভানতে গিরের গাঁত আরম্ভ করেছেন—এখানে সমস্ত ট্যাক্স নিরেই আলোচনা করতে চেরেছেন এই বিজের মধ্যে বেটা আছে তাতে সেলস্ ট্যাক্স তুলে দেবার কথাই অনুষ্ঠ, সেলস ট্যাক্স নতুন ক'রে ৰাড়াবার কথা কোথাও নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am afraid my friends have not followed the purpose for which the motion has been moved. As I was trying to explain, it is not a fact, as has been suggested by my friends here, that the Finance Commission had said that West Bengal Government could not give figures.

The second question.....

(Sj. SUNIL DAS:

भाननीत भन्ती भरागत कि एकरण चूमान, ना, चूमिरत कारणन?)

# সেটা আপনারাই করছেন, জেগে ঘ্রমাচ্ছেন।

We have got the report and there is no mention of it in it and if he has private information then that is his lookout. Why we did not take any steps since December ,1956—not middle of 1956—is that we first discussed it in the National Development Council and since then we prepared the figures and in the meantime the Finance Commission came in and wanted figures and facts were placed but we could not take any step because the Government of India or the President decided that this particular matter should also go to the Finance Commission whether any excise duty should be on these three items. Therefore it was not for us to take any step after December, 1956.

Sir, the question that arises is this that according to the Finance Commission Report, as mentioned separately, they have divided the proceeds of these additional taxes on these three commodities in two ways. First of all, they have guaranteed the amount that was shown by every State as the amount that they were realising on those commodities from sales-tax and secondly they said anything that is left over, that is to say, on account of the larger sale than was given to them or on account of the difference in the use of those commodities in different areas, if there is anything left over, then that will be distributed according to a certain formula. As it happened, our estimate is over and above 2 crores 80 lakhs which used to be got from the sales tax on these three commodities. We may get 50 to 60 lakhs a year more on account of the ratio that was given over. The whole position is not understood by my friends here, namely, that if we do not fall in with the views of the Government of India, they will continue to levy the additional excise duty on these three commodities, and if we continue to levy our own sales tax, then the consumer has to pay double, that is twice over. This is the point. Therefore, the best thing is for us to see that we are secure so far as our realisations from the sale of these three commodities, according to rules, are concerned and prevent the consumers from having to pay twice. I do not know whether my friends have understood the implication of it. Therefore, we have to consider this question and agree to this particular finding. The Government of India have, according to the Act that they have passed, levied the additional excise duty on these three commodities and according to a certain rate which they have arrived at after taking the pool of all the States. There are differences as regards the rate of sales-tax. For instance, take Bombay; for the fine textile they tax about three times or four times as much as we do. Therefore, the Central Government had to take the average of the rates of the different provinces and come to some decision. There is some advantage but the main advantage is that we have got to take steps for realisation of the duties or of the sales-tax and we shall be able to get it from the Central Government.

In the course of the discussion several friends have raised other issues. For instance, one friend said about *Dharapat* being taxed. My friend probably does not know that we do not charge any sales tax on books which are used for the primary stages. They said about readymade *Kapor* and double taxation. There should be avoidance of double taxation on every piece of cloth in future which is used for the purpose of making ready-made cloth.

## **8j. Bankim Mukherjee:** প্রাইমারীর চেয়েও প্রাইমারী হচ্ছে স্লেট।

## The Hon'ble Dr. Bidhan Chandra Roy: আমি ধরাপাত বলেছিলাম।

With regard to the unemployment among the darjees, this matter is receiving considerable attention from us and we are aware that a large number of darjees, particularly in Garden Reach area, who used to live upon their export to Pakistan of ready-made cloth, are practically without any employment and we have got to take some action and we are considering about the question of having a co-operative system amongst them and the help that can be given to them.

## [4-40—4-50 p.m.]

The first amendment that has been moved is to the effect that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1958. But, after the 31st March, if any sales tax is collected from this State from these three commodities, our share of the excise duty that has been levied will not be paid to us. Therefore, I oppose the motions for circulation.

The motion of Sj. Sunil Das that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

[The other motions fell through].

#### Clause 1

The question that clause I do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 2

8j. Sunil Das: Sir, I beg to move that in clause 2, lines 3 and 4, for the words "certain notified commodities" the words "any notified commodity" be substituted.

এ সম্পর্কে আমি দ্ব-একটি কথা বলব। ১নং ফ্লব্লে বে-কোন ভোগ্যবস্তুকে এই বিজের আওতার আনতে চান। এখানে তিন নম্বর লাইনে 'সারটেন' কথাটা কেন আসছে তা জানি না। 'সারটেন' অর্থাৎ সামারম্ব ক্লেটেই তার প্রয়োগ ব্রুবার। 'সারটেন' বলতে কিছ্ কিছ্ সামগ্রীর কথা এখানে আসে। অথচ ভবিষ্যতে সব সামগ্রীই এর ভিতর আসতে পারে। সেকসন ২৫ অনুযারী ১৯৪১ সালের আইন থেকে এই আইনে বে-কোন দ্রব্য বখন তখন নোটিফাই ক'রে আনা বেতে পারে। কাজেই আমি বলছি 'সারটেন' এর জারগার 'এনি' কথাটা রাখন। তা হ'লে বিলের ইন্টেনশনটা খবে স্পন্ট হবে।

The motion of Sj. Sunil Das that in clause 2, lines 3 and 4, for the words "certain notified commodities" the words "any notified commodity" be substituted, was then put and lost.

57

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 3 .

## 8j. Sunil Das:

্ আমার বার্কি আামেন্ডমেন্টগুলো কন্সিকোরেন্সিয়াল আমেন্ডমেন্ট। 'এনি কমোডিটি<del>র</del>' যথন রি**লেক্টেড** হ'ল তথন বাকিগুলো মুভ করছি না।

Mr. Speaker: So, your amendment falls through.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 4

8]. Sasabindu Bera: Sir, I beg to move that in clause 4(1), line 1, for the words "for clause (a)" the words "before clause (a)" be substituted.

I further beg to move that in clause 4(1), the proposed sub-clause "(a)" be renumbered as sub-clause "(a1)".

মাননীয় সভাপতি মহাশয়, আমার যে সংশোধন প্রস্তাব আছে সেইদ্টোর দ্বারা ম্ল্
আইনে সিগারেট এর যে ডেফিনিশন আছে সেই ডেফিনিশনটাকে রিটেন করতে চেরেছি।
সেকশন ৪তে সিগারেটের ডেফিনিশন বদলে ঐ নোটিফারেড কমোডিটিজ দেওরা হছে।
সিগারেটকে যখন বাদ দেওয়া হয়েছে এই ধ'রে নেওয়া হয়েছে যে, সিগারেটের ডেফিনিশন
রিটেন করার প্রয়োজন নেই. যদিও নোটিফায়েড কমোডিটিজএর ডেফিনিশনএর প্রয়েজন আছে।
কিস্তু প্রোতন আইনে ন্তন ধারা একটা যোগ করা হছে—সেকসন ২৪এ—সেখানে সিগারেটের
কথা বোখা আছে। এই ন্তন সেকসন ইনস্টি ক'রে সেখানে সিগারেটের কথা আনা হয়েছে।
কাজেই এই আইনের প্রয়োগক্ষেতে যদিও সিগারেটের কথা বাদ দেওয়া হয়েছে ন্তন ধারায়
সিগারেটের কথার উল্লেখ আছে। স্তরাং সেখানে সিগারেটের কথার গ্রুড্ আছে। স্তরাছ
সিগারেটের ডেফিনিশন রাখা দরকার—সেজন্য এই সংশোধন প্রস্তাব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it is very difficult to understand what my friend means. The original Act of 1954, in section 25 stated that "if the State Government is at any time of opinion that it would be in the public interest that any commodity (other than eigarettes) which is liable to tax, etc." it may be taxed according to this—taxed at the source. This particular Bill has been brought for the purpose of removing the word 'eigarette' from the West Bengal Sales Tax Act, 1954, in order to comply with our requirement regarding our arrangements with the Government of India. I have not understood what my friend refers to.

I oppose the amendments.

The motion of Sj. Sasabindu Bera that in clause 4(1), line 1, for the words 'for clause (a)' the words "before clause (a)" be substituted, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that in clause 4(1), the proposed sub-clause "(a)", be renumbered as sub-clause "(al)", was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 6

ej. sessita Kumar Panca: I do not move my amendment.

The question that clause 5 do stand part of the Bill was then put and sereed to.

Clause 6 "

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 7 to 13

The question that clauses 7 to 13 do stand part of the Bill was thenput and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as settled in the Assembly, be passed.

Br. Narayan Chandra Ray:

এই বিলটা সেন্ট্রাল গভন মেন্টএর আক্টেএর আমেন্ডমেন্ট কিনা, বা কন্মিকেরেনিস্কাল ক্রিনা, আমি এইসব্ প্রণন জিজ্ঞাসা করছি না। মাননীয় অর্থস্কতী মহাশর তার জ্বাবের মধ্যে ফার্কা জবাবপ্রলিই দিয়ে গেছেন। এবং গরিবের ঘাড়ে কতটা কাম্ড পড়ছে, কোনটা ছটিট হবে তা জিজ্ঞাসা করি না। নীতিগতভাবে জিজ্ঞাসা কুরি, তিনি বলোছলেন বৈ, বাংলাক ব্যবসায়ের যাতে উল্লাভি ইয়, সেই রক্ম ট্যাক্স সম্বন্ধে চিন্তা করবেন। আমি জিজাসা, ক্ষিত্র হেলাট ছেলেদের স্পেট পেশ্সিলের উপর ট্যাক্স করে লাভ কি? বাংলাদেশের বেসব ব্যবসারের হিমটিটুরিয়ালস ব্যবহার করতে হয়, সেই সব বাবসায়ে সেলস্ ট্যাক্স নীতির পরিবর্তন হরুক কিন্তু। কারণ এর মধ্যে এই সব কথা জড়িত আছে। এর মধ্যে রাইজিং প্রাইসেসএর জন্ম স্থলাদেশের বাবসা আঘাত পাবে।, শেষ কথা, তিনি কি মনে করেন যে, সেন্ট্রাল ডিন্টিবিউশ্মএর ঐ বৈ হিসাব তাতে সরকারের লাভ? তিনি বলেছেন সেন্ট্রাল থেকে যে বা পেত সেই হিসাবে ভারু করা হয়েছে। আমাদের এখান থেকে যে হিসাব গিয়েছে তা যথেণ্ট ঠিক নর। সেজনা তিনি কি মনে করেন যে, ডিপ্রিবিউশন বা হরেছে সেটা প্রশার আক্ত জাস্ট্র, এ সম্বন্ধে ভবিবরতে আমাদের কিছা করণীয় আছে কিনা?

পার্ড দ্বিডিংএ আমি করেকটা কথা বলব। আমার প্রথম কথা ছিল বে, উৎসম্থে বা স্থোর্সএ ট্যাস্ত্র করবেন কিনা, ফার্স্ট প্রেক্টএ ট্যাস্ত্র করবেন কিনা-এই নীতির আলোচনা চেরেছিলাম। সে সম্পর্কে অর্থমন্দ্রী কোন জবাব দেন নি। বইএর ওপর ট্যাক্স সম্পর্কে বললেন, সব প্রাথমিক স্কুল-প্সুতক ট্যাব্রেশনএর আওতার বাহিরে। সেখানে আমার বছরা, কাগজের উপর বদি টাক্স বস্থান তা হ'লে প্রতককে রেহাই দেবেন কিনা, তাতে আরু বাড়ে কিনা, আমার মনে হর তাতে আর বাড়ে। বর্ষন বই বিক্তি হর তখনই মাত্র ট্যাক্স আদার হর, কিন্তু কাগজ কেনামাতই ট্যাক্স পাওরা যায়।

আর একটা কথা—আমি কথনও বলি নাই, ফাইন্যান্স কমিশন তালৈর রিগৈট্রের বাংগ বলেছেন, ৰে, পশ্চিমৰাংলা সরকারের কর্মোভিটিওরাইজ তথা ছিল নাং কিছতু স্থাত্তমবংশ সরকারের এই তথ্য ছিল কিনা, সেকথা অর্থমন্টী বঙ্গের সহিত এড়িরে গিয়েছেন ৷ কোন অস্বিধাজনক প্রশেনর সম্মুখীন হ'লেই তিনি রুন্ট হন। জামি না দেটা কপ্ট রেব না

অনেক সময় আমরা জানি অফেনলিভ ইজ দি বেল্ট ডিফেনসিভ, কিছু বুলবার নেই সংজ্ঞান প্রতিপক্ষকে আক্রমণ কারে বললাম। মাননবির অথমিন্দ্রী বাজেট আলোচনার সময় । এ এ এই । বে, আমরা ইন এ ক্যাভিনিরার স্থাসন অংশচনা ক্রাছ; কিন্তু ,আমরা ক্যেবার কিন্তু,

" को िर्माहेकम शांकि ? ए क्क हेर्ड आग्छ ए छिम हेर्ड-शास्त्राह्महान होता श्रीवादणन 🔫রেন, আনপ্যালেটেবল করেন না। আমরা পরিবেশন করি আনপ্যালেটেবেল তথাপ্রাল। বাজেট আলোচনার সমর ফাইন্যান্স কমিশনের রিপোর্ট থেকে কয়েকটা ফিগার দিরেছিলাম অর্থামলীক বাজেট স্পীচ থেকে কয়েকটা ফিগার দিরেছিলাম, রিজার্ভ ব্যাহ্ক ব্রুকটিন থেকে ফিগারুস দিয়েছিলাম তাতে উনি রুট হয়েছিলেন এবং বলেছেন আমি শুধু নাকি বলেছি যে, প্রিচমব্সা সরকার ফাইনমুন্স কমিশনের কাছে কোন ফিগার দেন নাই। আমি বলেছি পশ্চিমকর্জা সরকারের কমোডিটিওয়াইজ ফিগার নেই। সেটা স্পণ্টভাবে উনি স্বীকার করেন নি, আমি সেকথা জানতে ্চেরেছিলাম, অর্থমন্ত্রী তার জবাব দেন নি এবং একটা সামগ্রিক আইনের পুরিকল্পনা ক'রে একটিমার সেলস্ট্রাক্স আইনের আওতায় সেগালি আনা যায় কিনা সে সম্পর্কেও জবার দেন িন। ওদিক থেকে একজন মাননীয় সদস্য বললেন যে, আমরা নাকি দোকড ট্যাক্স করতে চাই। **উনি** ভাবছেন আমরা যেন বিলটা পড়িনি, সেলস্টাাক্স বিল পড়িনি। আমরা বলেছিলাম বে, একটা সামগ্রিক পরিকল্পনা নিয়ে একটা স্বেলস্ট্যাব্দের আইনের আওতায় বেগ্রলি সেলস্ ট্যান্সবোগ্য তাদের আনতে পারি কিনা এবং উৎসমুখে সোস্ত সেলস্ট্যান্ত প্রয়োগ করতে পারি কিনা, ডিফারেন্সিয়াল সেলস ট্যাক্স প্রয়োগ করতে পারি কিনা, ডৌল নের্সেসিটিভাগুলি টান্তের আওতা থেকে বাদ দিতে পারি কিনা—এইরকম সামগ্রিক সেলস ট্যাক্সের নীতি সুস্বস্থে প্রশন করেছিলাম, কিন্ত তার একটা সংগত জবাব পাই নি অসংগত জবাবন পাই নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am serry, if I have upset my friend over there. I did not show any anger as he said. I was only trying to say that they might as well think that we also possess a certain amount of goodness in us or a certain amount of interest to serve our people. It may not be in the same manner as he wants it to be done, but the fact remains that in this particular case that we are discussing at the present moment I feel that it is better for us to agree to this particular way, because, according to him, we should have taxes at the source and this is a method of having taxation at the source with regard to every commodity. We have laid down certain principles or formulae for taxation at the source. If there are too many people doing a particular job, let us say the job of birimaking, it is no use trying at the source because there are too many people. Similarly, there are other commodities about which we cannot tax at the source, but wherever we can we are trying to do it and I can assure my friends that it will be our duty to do so, at any rate, in order to plug the loopholes of evasion.

As regards the various articles that they have mentioned, as I told you before, for instance, the question of cut pieces of cloth or slate or dharapat and so on, these are matters which should be considered seriously so that there may not be at any rate, double taxation in the case of any commodity.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Sales Tax (Amendment) Bill, 1958, as settled in the Assembly, be passed was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[After Adjournment]

[5-15-5-20 p.m.]

Mr. Speaker: The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1957 will be withdrawn. I understand it has been decided that no State should take any decision in the matter of appointment of a Judge with the necessary qualifications and so on, but that it should be on an All India basis. It would not be proper if the State of West Bengal decides in one way and the other States decide the other way.

Si. Jatindra Chandra Chakravorty:

এইরক্স বিল আনতে গেলে সেন্টল গভন মেন্টএর একটা কনসেন্ট দরকার হয়। আমি জানতে চাই সেন্টাল গভন মেন্ট সেটা দেন নি ব'লেই কি এই বিলটা উইথড় ক'রে নেওয়া হয়েছে; নাকি সেন্টাল গভন মেন্ট এমন কিছ্ লিখেছে যে, অল-ইন্ডিয়া বেসিসএ এরক্ম কিছ্ করতে চান—এটা জানতে চাই।

Mr. Speaker: Mr.Chakravorty refusal is one thing and explaining, the position is another thing. So perhaps in this case the position has been explained.
বিফিউজাল একটা জিনিস এবং পজিসন এক্সণেলন করা আলাদা ব্যাপার—

[Si. Bankim Mukherji rose to speak.]

Si. Jatındra Chandra Chakravorty:

আমি ভেবেছিলাম আবার একটা স্থোগ হবে আপনার কাছ থেকে কিছু শিখবার।

Mr. Speaker:

শিখতে এত আপত্তি কেন?

Report of Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for the year 1951-52 and Audit Reports thereon.

Mr. Speaker: I call upon Mr. Mukherjee to make his speech.

Si. Bankim Mukherji:

সভাম্থা মহাশয়. ১৯৫১-৫২ সালের আপ্রোপ্রিয়েশন আকাউণ্ট আন্ড অডিট রিপোর্ট, ১৯৫৩ সালের সই হয়েছে ২৪এ জ্লাই ১৯৫৪, বাই আকাউণ্টাণ্ট-জেন্রেল আন্ড অডিটর- ক্রেন্ডেল এবং প্রবিদ্ধ আকাউণ্ট্য কমিটি. ..

Mr. Speaker: With your agreed consent I may say a few words which I want to stick to. But since some members are anxious to learn and others object to be told that they do not want anything to learn I have decided that the debate on this particular matter should take place today. But I want to say a few words in this connection. In England in the House of Commons they do not debate this matter at all. This is a matter of formality. It is laid before the House. The honourable members who are really anxious go through it, but normally the debate never follows. I do not want to stop you today, but such honourable members who are inclined to look into this matter will kindly consult this Book which I have brought from the Library of this Assembly House—The Control of Public Expenditure by Chubb, 1952 publication, pages 190, 191, 192, 193. I do not want to waste the time of the House today, but if you will kindly read it, you will see that it is not a normal thing. Unless there is something of current interest or very important justifying that a debate should follow, no debate normally takes place in the House.

Mr. Mukherji, you can go on.

[5-20-5-30 p.m.]

Sj. Bankim Mukherii:

ঠিক এই কল্পাই আমি বলতে বাচ্ছিলাম স্যার, বে, নরম্যালি পার্বালক আকাউল্টস কমিটি রিপোর্ট ডিসকাসান হর না, হবারও প্রয়োজন করে না। কিন্তু পশ্চিম বালো দুর্ভাগ্যবশন্ত নরমাল নর। এখানকার সমন্ত সরকারী পশ্বতি একটা অ্যাবনরম্যাল। ইলেন্ডেও নিরম ইল্লেই বার্বালক অ্যাকাউল্টস কমিটির চেরারম্যান নন-অফিসিরাল। পার্বালক অ্যাকাউল্টস কমিটির চেরারম্যান নন-অফিসিরাল। পার্বালক আ্যাকাউল্টস কমিটির

ঠিজেশা হচ্ছে গভনমেটের যারা বাহিরের মেশ্বার তারাই সক্তৃট হবেন। এবং তারা সক্তৃট হালেই, যেহেতু তারা ইলেক্টেড বাই দি অ্যাসেমার তাই আ সেমারিতে দ্ইবার কারে আলোচনা ক্রবার কোন প্রয়োজন করে না।

Mr. Speaker: Am I right that it is always the members of the Opposition who preside over the Committee?

Sj. Bankım Mukherji: I am not so sure.

Mr. Speaker: I think that is why the Committee which is formed consists of members of the Opposition alone, because they are the people who have to satisfy themselves as to whether the expenditure incurred has been judicious or not. That is the correct legal position. Here again I am afraid I am using the word 'lego' and some honourable members may not like it.

8). Bankim Mukherjee:

কিন্তু এখানে ভারতের লোকসভায় এবং অন্যান্য স্টেটে এইট কু নিয়ম অন্ততঃ হয়েছে যে পার্বালক এ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান হবেন নন-অফিসিয়েল, কিন্তু তারা সবসময় রুলিং **পার্টির মে**শ্বার হবেন, এটা সিম্ধান্ত হয় নি। কোন কোন স্থানে অপোজিসন মেশ্বার চেয়ারম্যান **হরেছেন**ুনা হলে নন-অফিসিয়্যাল পার্টির সদস্য চেয়ারম্যান হয়েছেন। ভারতের লোকসভায় ও স্থানা বাল্টে এটা হয়েছে, দুর্ভাগারুমে পশ্চিমবাংলায় সেটা হয় নি। যদিও এখানকার **পরকো**কগত অর্থম**দ্যী শ্রীনলিনীরম্বন সরক**রে মহাশয় প্রস্তাব করেছিলেন যে এটা হওয়া উচিত। ক্ষিত তাহয় নি। রলেস কমিটির রিপোর্ট শেষ নাহওয়ার ফলে এই বিষয়ে আমরা রলেস তৈরাঁ। করতে পরি নি। তার ফলে অনেকগালি অসাবিধা হচ্ছে। অসাবিধা হল এই যে ১৯৫১-৫১ **সালের** এ্যাকাউণ্টস অভিট রিপোর্ট হল ২৪শে জ্বলাই ১৯৫৪ সালে, তারপর পার্বালক **এরাকাউন্টস কমিটিতে ডিসকাশন হল ১৯৫৬ সালে নভেন্বর-ডিসেন্বরএ। এবং সমস্ত ১৯৫৫ সাল পেরিয়ে** গেল, পি. এ. কমিটির মিটিং হল না। তারপর এ্যাসেম্বলীতে আমরা ডিসকাশন **কর্মাছ আজকে মার্চ মাসে ১৯৫৮ সালে। পূর্বে বার বর প্রত্যেকবার আমি নোট অব ডিসেন্টএ ৰলোছ** এত বেশী দেরি হলে পর--১৯৫১-৫২ সালের এ্যাকাউন্টস হল গিয়ে ১৯৫৮ সালে, ৬ বংসর পরে - এটা বাসি মড়ার চেয়েও বেশী হয়ে গেছে। ইট ইজ মোর দেন স্টিন্কিং। এবং তাই 🗪 বিষয়ে কারো কোনরকম আগ্রহ থাকে না। এই হচ্ছে গিয়ে অস্ত্রিধার ব্যাপার। গত বংসর শৈ, এ, কমিটি ইলেকটেড হয়েছে, কিন্তু এ পর্যন্ত তাদের মিটিং ড'কা হয় নি। গত বংসর ব্বর্থাৎ লাস্ট সেসনএ আমি এ বিষয়ে আপত্তি করায় ডাক্তার রায় তথন বলেছিলেন যে জানয়েত্রি **মানের প্রথমে ডেট দেবো। আমি এখানে কারো প্রতি কোন দোষারোপ করছি না তার কারণ** হতে চীফ মিনিস্টার যদি কর্নাভিনার অফ দি কমিটি হন তাহলে পর অত্যুস্ত অসুবিধা হয়। <del>কারণ</del> তাঁকে হাজার রকম কাজে বাসত থাকতে হয়। হয়ত এ্যাসেম্বলীর টাইম গভনমেন্ট ফিব্রু **ৰূত্ততে পারে**ন, কিন্তু একবার ডাকবার পর আপনার হাতে এসে পডে। সেই হিসেবে আমার মনে sa আৰু কেউ যদি কনভেনার চন--

I will suggest Secretary of the Assembly. He should be the convenor of the first meeting.

ভারেণ এই কমিটি এ্যাসেশ্বলীর কমিটি, গভর্নমেন্টএর নর। এবং সেখানে কনভেনার হওরা উচিত, এ্যাসেশ্বলীর কোন দায়িত্বসম্পন্ন ব্যক্তি। এবং মেশ্বারএর ভিতর কে হবেন। স্বৃতরাং আমি প্রকৃত্বে করেছিলাম—

Secretary of the Assumbly should be the convenor of the first meeting.

তাহলে পর তিনি ফাইন্যান্স মিনিন্টারএর সপো পরামর্শ কোরে ফার্স্ট ডেট ঠিক করতে পারেন। তাহলে স্বাভাবিকভাবে প্রসিউিংস হতে পারে। এর প্রের্ব আমি জিল্পাসা করেছিলাম প্রাকাউন্টেট-জেনারেল অব ওরেস্ট বেণ্যালকে নেও্যা হয় না। এর পরে কতগানিল রিপোর্ট ইন্ধেই। তাতে আমি একজন মেন্বার বটে, কিন্তু আমার ব্যক্তিগতভাবে লেখার কোন হলা নাই। পি. এ, কমিটি যদি এই ক্রেক্ট্যান্ত বলে তাহলে পর আমরা এই কথা বলতে পারিত্

১৯৫৪, জুলাই মাসে অভিটর-জেনারেল ষেটা সাইন করেছেন তার পরেও তিনটা রিপোর্ট হয়ে গিয়েছে। তার ভিতর একটামার আমরা পেয়েছি, আর দুটো এখন পর্যন্ত পাছি না। তিন বছর হয়ে গেল এখন এটা এক্সিডাইট করা উচিত। এই সমস্ত কারণে যে রুলসগর্মাল তা বদলে দেওয়া প্রয়েছন। পেজ ২৬০ যদি দেখেন—এই বিষয়ে আমি আপত্তি করেছিলাম এইবার বখন চীফ মিনিস্টার অর্থাৎ ফাইনেস্স মিনিস্টারকে প্রস্তাব করা হয় চেয়ারম্যান হওয়ার জনা—আমি সে সময় আপত্তি করেছিলাম, তাতে তিনি বলেছিলেন তিনি থাকলে পর স্ক্রিধা হয়—এ বিষয়ে আমার কোন সন্দেহ নাই। কিন্তু আমি প্রিন্সিপল থেকে বলছিলাম, না থাকা উচিত। সেই সময় আমি বলি—

"The thing is there are certain good points also in having the Finance Minister as the Chairman. In my Note, there was no occasion for writing about that. For example, you have just mentioned about straightening out some of the arrear accounts which were in large numbers. Therefore, of course your help was essential; being the Minister-in-charge of Finance, you could naturally take certain steps which a non-official member could not and thereby of course a great deal of help has been done to the Public Accounts Committee and the Accountant-General. My only request would be that when the head of the department is examined, you should let him answer.

এটা একট<sup>ু</sup> অনুধাবন করার বিষয়। যখন হেড অফ দি ডিপার্টমেন্টকৈ প্রশন <mark>করা হবে তখন</mark> তাঁকে উত্তর দিতে দেবেন।

- Mr. Chairman: I do not answer for them. What I say to them is that if you don't know go and find out. You remember we had to postpone some department's examination. You notice that after my insistence things were smoothed out to a large extent.
- Sj. Bankim Mukherji: When the proceedings are printed, after going through the printed proceedings, we find ha in many instances, the members and the Chairman of the Committee are arguing with each other.
- Mr. Chairman: I always try to help you. Now, let us take up item (2) of the programme, namely, "Review of the Resume of showing action taken on the recommendation."

#### [5-30-5-40 p.m.]

রিপোর্টের শেষের দিকে পেজ ২৬০তে দেখুন—চেয়ারম্যান ঐ গথা বললেন, তা করি না। তারপর হল কি? তারপর যেই একটা আইটেম ধরা হল, ১৯৫০-৫১এর একটা আইটেম—মিনস, চেয়ারম্যান সাহেব বলতে আরশ্ভ করলেন, অর্থাৎ তাকে এক্সপানেশনটা দিতে হল এবং প্রায় আধ পাতা এক্সপ্তানেশন দিলেন। তারপর দেখতে পাবেন ধাঁরেশ্রনারায়ণ মুখান্ধী, চেরারম্যান, এটাকাউশ্টেশ্ট-জেনারেল চেরারম্যান, তাাকাউশ্টেশ্ট-জেনারেল চেরারম্যান, তাাকাউশ্টেশ্ট-জেনারেল চেরারম্যান, ইত্যাদি। তাহলে পর পার্বালক একাউশ্টেস কমিটি যে জন্য বসে, অর্থাৎ ডিপার্টমেন্টান্স হেডকে প্রশ্ন করবার জন্য যে তাঁরা কি জানেন বা না জানেন। ঠিক আমি এইটা বললাম পেক্স হেডকে প্রশানে পার্বালক এটাকাউশ্টস কমিটি বসে এই জিনিসটা হর কিনা? ডিপার্টমেন্টান্স হেডবা কিছু বলব র আগেই, তাঁদের বলা হয়, আপনারা বড় বেশা বলেন, অন্ত্রহ করে আপন্মরা বলবেন না। উনি বললেন তথাস্ত্র, অর্থম আপনারের হেলপ, করবো, বলেই তারা যা আক্রত্বকরনো, আমি সেই দুটা পাতা পড়ে আপনাকে শোনালাম, অর্পনি যদি ব কাঁ সমুস্ত রিপোর্টিটা পড়ে দেখেন, তাহলে পর দেখতে পাবেন ডিপার্টমেন্টাল হেডরা বড় বেশা বলবার স্ব্রেণ্ড শান না। আমি জানি না তাঁদের বন্ধবা কিছু আছে কিনা, বিদ্ থাকে, তাহলে পর তা বলবার প্রথ

ছারা পান না। আমরা ডাঃ রারের সম্বধ্ধে জানি, তার বহু, গুণে থাকা সত্ত্বেও, তার বাকসংব্যটা ছে গ্রেপের মধ্যে আছে, সে কথা তার অতি বড় শত্রতেও বলবে না। তিনি অত্যন্ত বাকসংক্ষ रवानी कथा वन्तराज छानव रामन ना. এই अभवाम छौत गहा । एएवन ना। अर्थाए कथा वना आछा জিনি থাকতে পারেন না। তারপর কি হচ্ছে? তিনি প্রায় ভগবানের মতন ওমনিপোটেন্ট এবং ওমনিসেন্ট। পশ্চিমবাংলা সরকারের এমন কোন ডিপার্টমেন্ট নেই এমন কোন বিভাগ নেই. এমন কোন খাটিনাটি নেই, যা তিনি জানেন না : এবং জ নান বা না জ নান, তাঁর ধারণা হচ্ছে তিনি সব জানেন। যদি তিনি এইরকম একটা এনসাইক্রেপেডিয়া হতেন যে পশ্চিমবাংল। সরকারের কেপায় কি হচ্ছে, তা সব কিছু জ নেন, ত হলে ব্যুত্ম। কিন্তু তার ধারণা প্রত্যেক ডিপার্ট-মেন্ট এই কিছু না কিছু গলদ আছে। যাদ তাই হয়, তাহলে পাৰ্বালক এা.কাউন্টস কমিটি क्रशास किन्नमा वरमाहर जाता दि रामभाउँ वरमाहर य करे वामभातको कि रासाहर जातनमा क्रो এনসেক্ত্রক্তীতে এসেছে পার্বালক এনকাউন্টস কমিটি বসেছে এইজনা যে অভিটর্স অভিট থেকে আপত্তি হয়েছে। তাঁরা অডিট করে বুঝতে পারেন। কিন্স্ত এই অডিট হব'র পর তিন, চার বছর পেরিয়ে যায়। এতাদন পর্যত আকাউন্টান্ট-জেনারেলকে বোঝান হয় নি কেন? এ্যাকাউন্টেশ্ট-জেনারেলকে জানাবার পর্য তরা সম্তন্ট হন নি বলেই অভিট রিপোর্ট এসেছে, এবং তারপর সেটা প বলিক এ।কাউন্টস কমিটির কাছে এসেছে। কিন্তু সমস্ত কিছু পাবলিক ঞাকাউন্ট্রস কমিটির কাছে একটা প্রহসন হয়ে যায় সেখানে যদি চীফ মিনিস্টার বলতে আরম্ভ করেন, তিনি যদি এক্সপেন করতে আরম্ভ করেন। এই পর্ম্বতির আমি বরাবরই প্রতিবাদ করেছি. আপত্তি জানিয়েছি, তথাপি এই জিনিস চলছে। কিন্ত আপনি জানেন কোন কোন ব্যক্তির বে ব্যক্তিত্ব আছে, সেই ব্যক্তিত্ব কোন সময় ভাল কাজে লাগতে পারে, আবার কোন সময় তা অপপ্রয়োগ হয় এবং ডাঃ রায়ের যে অসাধারণ ব্যক্তিছ সেই ব্যক্তিছ এখানে হচ্ছে কি? না. পাবলিক এদে উদ্টম কমিটির উদ্দেশ্যকে একেবারে পণ্ড করে দিচ্ছেন। তাঁর যে ব্যক্তিম. ভার ফলেতে তিনি চেয়ারমান এবং তার হচ্ছে লাস্ট ওয়ার্ড। তিনি বলবার পর প্রতি মহেতেই এমন কি আমার মত কটবোদী, আমার পক্ষেও লম্জা বোধ হয় প্রত্যেক পদেই কি আমি এটা **রিপিট করবো**? আমি যা পেজ ২৬০তে দেখাল।ম. প্রতি পদেই চেয়ারম্যান সাহেবকে বলতে হবে, আপুনি বলবেন না আপুনি চপ কর্ম। আমি এবার ঠিক করেছি যে পার্বালক এয়াকাউন্ট্রস কমিটিতে আমাকে এই পর্ম্বতি নিতে হবে যে প্রত্যেকবারই আপত্তি করবো এবং বলবো আপনি চুপ কর্ন, লেট দি ডিপার্টমেন্ট আন্সার। এ ছাড়া আমি অন্য কোন প্রতিকার দেখতে পাই না।

শ্বিতীয়ত, সরকারের একটা থারাপ অভ্যাস আছে, আমি জানি, অপরের দোষতাটি দেখিয়ে নিজেকে নিদেশি প্রমাণ কর।। যেমন কোথাও কিছু ছিল না, গত শ্কুবার দিন এপ্রোপ্রিয়েশন বিলাএর উপর যে ডিবেট চলছিল, তার উত্তর দিতে উঠে তিনি আপত্তি করলেন যে অমরা সবাই ইনএাপ্রাপ্রিয়েট বন্ধৃতা দিয়েছি। আমরা জানি, উনি ছাড়া আর সবাই ইনএাপ্রোপ্রিয়েট বন্ধৃতা দিয়েছেন, তার কারণ, আপনিই বলেছেন বাজেট ডিসকাশনএর সময়, অনেকেই যোগদান করতে পারে নি।

### Mr Speaker:

উদি বলৈছেন বি•কমবাব, ছাডা----

### 8]. Bankim Mukherji:

আপনি ভূল করেছেন, আমি সেই পরেন্টেই বলতে চাচ্ছি। তিনিত ঐ কথা বললেন। কিন্তু আমি এ্যাপ্রেনিছরেশন বিলএ মোটেই ঐ কথা বাল নি। সেইটাই হরেছে কত বড় মিসএ্যাপ্রো-প্রিরেশন, আমি এ্যাপ্রোপ্রিরেশন বিলে বাল নি। তিনি অপরের হাটি ধরলেন—তিনি এ্যাপ্রো-প্রিরেশন বিলের জবাব দিতে গিয়ে আমার যে বাজেট স্পীচ তার হাটি ধরলেন, যেটা আগে হরে গিরেছে, বার জবাব একবার দিরেছেন। তার বলবার পরে, আমি আর কিছু এ করলায় না। এখানে তিনি কেন্ডেলিয়ার ফ্যাশনএ বহু-কথা বলে গিয়েছেন। যে কেন্ডেলিয়ার ফ্যাশনএতে এই সমন্ত কথা তিনি বললেন, অথচ, আমি এ্যাপ্রোপ্রিরেশন বিলএ পাটি সিপেট করি নি। তিনি তার নিজের বন্ধকরের ইমন্দিকেশনস বোঝেন। যথন তিনি বলেছিলেন কেন্ডেলিয়ার ফ্যাশন— ভখন তিনি বরেছিলেন তার ইমন্দিকেশনস কত বড় এটা কত বড় সাংঘাতিক কথা যে আমর। দারিত্বজানসন্পত্নভাবে ব্রম্পেট ডিসকাশন করি না। আপনি কি করে তা বলতে পারেন? আমার বস্তুতার ছিল কি? আমি বাজেট ডিসকাশনএ তলে দেখিরেছিলাম তারই স্পাচ, তার থেকে ফ্রাক্টস জ্রান্ড ফিগারস নিরে দেখিরেছিলাম। আমি গোডার বলেছি যে আমার এনালাইসিস সীমারম্থ রাখছি, যেহেত এটা একটা সর্ট বাজেট সেসন। তাঁর যে ফেটটমেন্টএর মধ্যে **ফ্যাইন** এনেড ফিগারস সেইগ্রিল নিয়েই আমি দেখিয়েছি। কিল্ড এখানে যদি তিনি বলতে চান আমি তাঁকে দেখিয়েছিলাম যে, রাজ্যপাল মহোদয়ার এবং অর্থমন্দ্রী মহাশয়ের ভাষণে কিছু কিছু পার্থকা দেখছি, তাহলে তার কথার অর্থ কি দাড়ালো? বাজেটের ব্লু ব্লুক ও রেড ব্লুক ব সকল তথ্য দিয়েছেন, আর তিনি যে ভাষণ দিয়েছেন, তার মধ্যে মিল নাই। তিনি তাঁর কথার ইম্প্রিকশ্নস পর্যন্ত বোঝেন না। এর অর্থটা কি দাঁড়ালো? আমি ত কম্পনা থেকে ফিগারস তৈবী কবি নি। আমি ত কল্পনা থেকে বলি নি যে এই বরান্দের কোথাও কম বায় হয়েছে বা এই বরান্দের কোথাও বেশী বায় হয়েছে, তাঁর যে বন্ধব্য, তার থেকেই নির্মেছি, তা থেকেই এই ক্রকুস্নস্ত্র এসেছি। তিনি সেইগ্রালির উত্তর দিলেন না, যেগ্রালির আসল বন্ধব্য ছিল, সমস্ত অপবার ও এই সমস্ত থরচ ইত্যাদি। এইতো হচ্ছে। এই ব্দিনসটা হচ্ছে তাঁর লাস্ট সে থাকে. তার শেষ বন্ধব্য থাকে এইটার সূর্বিধা তিনি পান। এখানেও পার্বালক এ্যাকাউন্টস কমিটিতে তিনি চেয়ারম্যান সাহেব হয়ে থাকেন। চেয়ারম্যান যিনিই হেন না কেন. তার খানিকটা ক্ষমতা আছে। তার উপর তিনি চীফ মিনিস্টার হেড অফ দি গভনমেন্ট, যিনি ডিপার্টমেন্টএর একটা নাস তিনিই থাকছেন এখনে চেয়ার্ম্যানএর পদে। তার চেয়ার্ম্যান হওয়া উচিত নয়, তব্ও তিনি সেখানে থাকতে চন। তার পক্ষে এইরকমভাবে সেখানে থাকা উচিত নয়, এইটাই হচ্ছে আমার অভিমত, আমি খুব স্টাংগলি বললাম। তিনি নিউট্টালভাবে থাকলে ভাল হয়. কিল্ড তা সম্ভব নয় এবং তিনি সেইভাবে থাকবেন না পাবলিক এয়াকাউন্টস কমিটিতে। সেইজন্য আমরা যেটা চাচ্চি-পার্বালক এ্যাকাউন্টস কমিটির রিপোর্ট সাত বছরের পরোন যেন না হয়, অন্ততঃ তিন চাব বছরের মধ্যে যাতে পাওয়া যায় তার জন্য আমি সাজেশনস দিচ্ছি।

Mr. Speaker: In this connection, I may refer to Chubb's "Control of Public Expenditure" at page 182, where he says: "The Committee is appointed annually at the beginning of the parliamentary session generally in November or December. Its fifteen members are nominated by their parties from the many who desire to serve end are chosen in the normal fashion in proportion to voting strength in the House. The Chairman, on whom, as we shall see, falls most of the work, is by convention a senior Opposition member. He may often be an ex-junior minister and destined perhaps for high office, and he may sometimes be an experienced Accounts Committee member. He may or may not be an ex-Financial Secretary to the Treasury, for practice has varied here and the tradition is by no means established. Many Chairmen in the past have, however, been connected with banking or business, and not a few have had distinguished records as financial experts or as advocates of economy." So, I was right when I said that usually a senior Opposition member is, by convention, appointed the Chairman of the Committee. Perhaps some day we shall also follow the same procedure.

[5-40-5-50 p.m.]

8j. Bankim Mukherji:
এবং সেইটাই আমার বন্ধবা। তাহলে পর দুইটি জিনিস বিদি হয় বে পাবলিক একাউন্টস কর্মিটি
এই হবে এবং বেটা এন্টিমেট কমিটি, বেমন হাউস অব কমনস প্রভৃতিতে আছে, তা বিদি হয়,
বিদি আমরা একটা এন্টিমেট কমিটি তৈরী করতে পারি, তাহলে পর অনেক কাজ হয়। বেমন
ধর্ন, সম্প্রতি একটা কাগজে পড়লাম, দেটেসমান, ১লা মার্চি দেখলাম, ক্লায়ালপরে, অম্ভাল,
ন্টেলন থেকে একট্ দ্বে একটা রিফিউজি সেটেলমেন্টএ ২০ লক্ষ্ণ টাকা শ্রম হরেছে।
অবং সম্পত্ত টাকাটা অপবার হয়েছে। সেখানে গ্র্টিকতক ট্রাক্ষ খেলা হলেছে, ক্ষ্ট্র ট্রাক্ষ্

হয়ে গিরেছে, আকাশ প্ৰক্রিণী—তাতে এক বিন্দা জল নেই। আমিত সমস্তটা পড়ে অবাক হয়ে গেলাম। আমাকে কিছ্কাল প্রে এক ভদ্রলোক বর্লোছলেন যে বারভূম জেলাতেই এরকম একাট হয়োছল এবং যথন সেটাকে ওপেন করতে যাওয়া হয় সেদিনকার জনো ময়্র ক্লীর কা নাল থেকে জল নিয়ে জল থৈ থৈ করছে দেখান হয়েছিল। সেখানেও চারপাশে বেশ বড় বড় বাড়ী তৈরি হয়েছে, আজ সেখানে একটি মানুষ বাস করে না, পড়ে আছে সেই রাজপ্রাসাদ……

Mr; Speaker: কোথায় ?

Sj. Bankim Mukherji: বীর্ভম জেলায়।

[এ ভয়েস: কোন জায়গায়?]

জারগাটা আমি বলতে পারি না, তবে জেনে বলে দিতে পারি। সেই জারগার এক ভদুলোক জায়াকে বলেছিলেন যে মর্রাক্ষী থেকে জল নিয়ে এসে ভরে দেওয়া হয়েছিল।

Sj. Bankim Mukherji:

না। তাহলে রোজ রোজ জল ভার্ত করতে হবে। এবং এর আর কোন কাজই থাকবে না কেবল এর শে.ভ.বর্ধন করা ছাড়া। এখন আমার বন্তবা হচ্ছে, এই যে সমস্ত জিনিস্গালি, এইগ্রেল এত পরে হয়ত আসছে পার্বালক এাাকাউণ্টস কমিটির সামনে, তখন তার অনুসন্ধান করে কোন লাভ হবে না। ইতিমধ্যে আরো অন্যান্য জিনিস এসে গিয়েছে। একট্ তাড়াতাড়ি হওয়া উচিত। ম্বিতীয়তঃ, অভিটর-জেনারেল, তারা সাধারণত করে থাকেন কি, না এ্যাকাউন্ট রাখবার যে পর্ম্বাত প্রভৃতি আছে সে ফরম, সেই রূলস প্রভৃতি ফলো করা হচ্ছে কিনা এইটা চেক-আপ করা হয়। একচয়েলী জিনিস্টার চেক-আপ হয় না। অর্থাৎ কোন খরচটা উচিত কি অনুচিত এটা চেক-আপ হয় না। একেবারে হয় না তা নয়, হয়ত ৩ পারসেন্ট-এইরকম একটা পার্সেন্টেজ অনুসারে আকাউন্টান্ট-জেনারেলএর অফিস থেকে যাওয়া হয়, তারা গিয়ে ঐবক্ষভাবে খ্রটিনাটি চেক-আপ একটা সারটেইন পার্সেন্টেব্রুএর করে, তারই মধ্যে থেকে অনেক জিনিস এসে যায়। এইভাবে এয়াকাউণ্টিংএর পর্ম্বতিতে কেন দোষ নেই। এত টাকা বায় হয়েছে, এইভাবে বার হয়েছে, ঠিক আইনসংগতভাবেই হয়েছে, কিন্তু দ্রিনসটাই হয়েছে অপবার। সেটা হয়তঃ এ্যাকাউন্টস্এর অভিট রিপোর্ট এ আসবেই না। এই যে জিনিস্গালি এরই জন্য আমার বন্ধব্য ছিল--যদি অন্মাদের এইরকম একটা এস্টিমেট কমিটি থাকত এবং তারা এইরকম ঘটনাগ্রিল দেখতেন তবে আসছে বছর এস্টিমেট করার সময় এই সমস্ত জিনিসের জিটিসিজম নিরে আসতে পারতেন। এই দুটো ব্লিনিসই হচ্ছে আমার সবচেয়ে বড় বন্ধবা।

আমি খ্ব বেশী সময় নেব না। কেন না এবারে আমি কোনরকম নোট অব ডিসেন্ট দেই নি।
আমি মোটাম্টিভাবে এই রিপোর্ট এ এগ্রিমেন্ট বেটা দেওয়া হয়েছে তাতে তামি আমার স্বাক্ষর
দির্মেছ। অন্যবারে আমার নোট অব ডিসেন্ট থাকে। এইবার কতকগ্রিল কাজ এইরকমভাত:
অগ্রসর হয়েছে—বাতে আমি নোট অব ডিসেন্ট দেওয়ার প্রয়োজন মনে করি নি। সেই কারলে
অন্যবারে আমি দীর্ঘ সময় নিয়ে বহু জিনিস বিশেশবণ করেছি। এবারে আমি তা করব না।
কিন্তু একটা বিবর আমি নেব এবং সেটা দিয়েই আমি আপনাকে দেখাব বে কেভেলিয়র ফ্যাশনএ
কে চলে—সেইটেই আমি আপনাকে দেখাব।

Mr. Speaker: Mr. Mukherji, you have wide experience in these matters. I would ask you, on a point of information, what is the purview of the activities of the Accounts Committee? Audit is one thing. I am an Accountant and I know what accounts are. It is very easy to satisfy the rules of accounting. I know how accounts are kept, but on a

point of information I would like to know, does it lie within the purview of accounts immediately to go into the propriety of the expenditure. Supposing I take for granted that some attempt was made to rehabilitate the people and houses were built and a tank was excavated which proved a total failure resulting in the abandonment of the site for rehabilitation purposes. You cannot go into that.

#### Sj. Bankim Mukherli:

অর্থাৎ হাউস এস্টিমেট কমিটি যদি আমাদের একটা থাকত তার উপর নজর বাখবার জন্ম —আমি সেইটাই বলেছিলাম। শুধু তা নয় এমন কি পাবলিক এয়াকাউন্টস কমিটির ফাংখনএ নয়, অর্থাৎ ফার্স্ট যেটা হয়ে গেছে তার প্রোপ্রাইটি সন্বন্ধে নয়—অর্থাৎ অভিট রিপোর্ট যদি थार्क. व्याकाछेन्छे।न्छे-स्क्रनादत्रमं न व्याछछार्न त्नाछे यीन थार्क, भाय, रत्रहेषे,कृहे , राष्ट्र भार्यामक এ্যাকাউন্টস কমিটির স্কোপ-দ্যাট ইজ দি ওনলি স্কোপ। এবং এইখন থেকে তারা তারচেয়ে বেশী দরে যেতে পারেন না-তারা শ্ব্র অভিট অবজেকশনটাকে রেগ্লোরাইজ করে-আমি একটিম র বিষয় আলোচনা করে আমার বস্তব্য শেষ করব। অভিট রিপোর্ট এর যে অব্জেকশন পেজ ১৪—আইটেম নং ১৭, হোম পাবলিসিটি ডিপার্টমেন্ট এবং এটা সম্বর্ট্ধে যে আলোচনা হয়েছে সেটা পার্বালক এ্যাকাউন্টস কমিটি রিপোর্ট এ পেব্রু ২৯১ থেকে পণ্ডয়া যায়। এখানে ব্যাপারটা হচ্ছে এই, কেন একজন স্পেশ্যাল অফিসার, সিভিল স্মন্ধাই ডিপার্টমেন্টএর-ভার চাকরি থেকে তাকে বরখাস্ত কবা হল। সঙ্গে সণ্গে তার একটা প্রেস-নোট বেরোয় যে তার অসং কার্যের জন্য তাকে চাকরি থেকে তাড়ান হয়েছে। এই প্রেস-নোটটা বেরোয় এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট থেকে। তিনি কোর্টএ কেস করতে যান এবং দেখা যায় যে গভনমেন্টএর ভুল হয়েছে এবং তিনি লাখ খানিক টাকা দ।বী করেন। এবং গভন'মেন্ট লিগ্যাল অপিনিয়ন নিয়ে ১০ হাজার টাকার একটা সেটেলমেন্ট করে ফেলেন। এটা অডিট থেকে আপত্তি করা হয় যে, ১০ হাজার যে লস গেল তার জন্য দায়ী কে? ডিপার্টমেন্ট সেখানে কে দায়ী বলতে পারছে নাঃ

# [5-50-6 p.m.]

সেখানে হোম ডিপ টমেন্ট থেকে বলা হল—ব্যাপ,রটা হয়েছে কিনা. যে ভদ্রলোক ছিলেন ফ্রন্ড ডিপার্টমেন্ট, তিনি ছিলেন আবার এনফোসমেন্ট রাণ্ডের সেক্টোরী। ফলে হল কি এটা এনফোসমেন্ট রাণ্ডের কাছে। হোম ডিপার্টমেন্ট প্রেলের বিষয় কোন কিছু লেখা ছিল না। তিনি মুখে মুখে বলেছিলেন। সে সময় শ্রী হোম ছিলেন, তিনি ছেপে দিয়েছেন। লিখিত কোন অর্ডার পান নাই, বা কোন ডকুমেন্ট পাওয়া বায় নাই, এইজনা গভর্নমেন্ট বলছেন—আমরা কাকেও দারী করতে। পারি না। আমরা বখন চেপে ধরলাম তখন তিনি বললেন সে সময় একজন আই-সি-এস ছিলেন, তিনি গভর্নমেন্ট অব ইন্ডিয়ায় বদলি হরে গিয়েছেন। আমরা বললাম বখন তিনি জাঁবিত আছেন এবং ভারতবর্ষের মধোই আছেন, তখন তিনি দারী কি না দারী তার একটা তদন্ত হওয়া উচিত। বরং তদন্ত করবায় পর বলা যেতে পারে যে তিনি ভূল করেছেন। পানিসমেন্টএর কথা তখন উঠতে পারে। রিপোর্টে আছে—সামবিডি সামহোরের মেড এ মিন্টেক। তাতে আমাদের আপত্তি ছিল, সেটা পি, এ, কার্মাটিতে আলোচনা হলে পর তার খানিকটা বিবরণ এসেন্ফ্রলী মেন্ড্রের। পেতেনে। আমি বলছিলাম—

"My objection is to the departmental examination that no useful purpose could be served by further pursuing the matter. It is for the Public Accounts Committee to decide whether it should be pursued or not. The department has got no right to give such an explanation.

ডিপার্টমেন্ট থেকে পরে বলা হল এ ব্যাপার নিরে আর বেশী পড়িরে লাভ হবে না। আমার কথা হচ্ছে ডিপার্টমেন্ট বলার কে? পি, এ, কমিটি বলবে—এ ব্যাপার নিয়ে পার্রাসিউ করা হবে কিনা।

Mr. Chairman: It is Government's decision after the admission that it was a mistake and not done mala fide.

8]. Bankim Mukherji:

আমরা জিল্ঞাসা করলাম—কার মিসটেক? সে কথা ত আপনারা বলতে পারছেন না। কাব্দেই মালা ফাইডি কি বোনা ফাইডি কি সামবাডি সামহোরের মেড এ মিস্টেক—এ কি করে হতে পারে? কার মালা ফাইডি, কার বোনা ফাইডি ঠিক করলেন, অথচ বলেছিলেন—ইট ইজ মালা ফাইডি। তারপর আমি, অর্থাৎ বিক্কম মুখান্ধী বলছেন—.

''It is the departmental reply. The Government does not come in till the Public Accounts Committee finishes its deliberations.
আক্রেমান্ট প্রক্ম স্টান্ড নেন কি করে?

- Mr. Chairman: It came up before the Cabinet. We felt that we have made an admission that it was a mistake which was not done with any mala fide intention. As far as I can gather, there were several cases against him, but in this particular case an enquiry was made about it.
- Mr. Bankim Mukherji: It should have been mentioned here that it was a Cabinet decision.
- Mr. Chairman: We call a Cabinet decision, Government decision; we never say it is a Cabinet decision.
- Mr. Bankim Mukherji: Even then Government coming to such a decision has also done wrong to the Public Accounts Committee."

মানে গভর্নমেন্টের পি, এ কমিটির পূর্বে এ বিষয়ে সিম্পান্ত নেওয়া গভর্নমেন্টের উচিত নয়, এটা গভর্নমেন্টের রং। আপনারা শ্নুনলে আশ্চর্য হবেন, চেয়ারম্যানএর এপ্টাউন্ডিং রিমার্ক হচ্ছে— Put a vote of no confidence against Government.

আমি ধখন খ্ব চেপে ধরলাম, তখন ফাইনেন্স মিনিন্টার বললেন একটা সিম্পান্ত যখন করা হয়েছে তখন এটা নিয়ে গভন মেন্টের আর কিছু করা উচিত হবে না। তখন আমি বললাম— তাহলে এটা পি, এ, কমিটি থেকে তুলে নিন। কিন্তু আমার আসল আপত্তি হচ্ছে, গভন মেন্ট আগে থেকেই এ সিম্পান্ত করেন কি করে? কে দয়ী আগে সেটা ঠিক কর্ন। আমি যখন আপত্তি করেছি তখন ফাইনান্স কমিটির চেয়ারম্যান, তিনি তখন আর ফাইন্যান্স মিনিন্টার নন, তিনি তখন বলছেন—

Put a vote of no confidence against the Government.

এই উদ্ভিটাই হচ্ছে গভর্নমেন্টএর বির্দেধ সবচেরে বড় ভোট অব নো কর্নাফডেন্স। এতে বোঝা বার, পি. এ. কমিটির উপর চীফ মিনিস্টারএর প্রান্ধানী, কিন্তু তাঁর বোঝা উচিত বে, চীক জান্টিস, আছেন বলে, এয়াক,উন্টেন্ট-জেনারেল আছেন বলে বেপাল গভর্নমেন্ট টিকে আছেন। এসব স্তম্ভ বিদ তুলে নেওরা বার তাহলে কি আর লোকের বিশ্বাস থাকতে পারে? কাজেই চীফ মিনিস্টারের বোঝা উচিত পি. এ. কমিটির বতই প্রতিপত্তি বাড়ে ততই জনসাধারণের শ্রম্থাও গভর্নমেন্টের উপর আসে। সেধানে তিনি এইরকম হাই হ্যান্ডেডনেসএর বে কাজ করেছেন ভার প্রতি আমি আপনার দ্ভিট আকর্ষণ কর্রাছ, তিনি বে কেভেলিরার ওরেতে কাজ করেন সেটা আপনি দেখতে পারেন।

#### Mr. Speaker

কান্ধেই আমি বলি আর্টিকল ২০৬ তুলে দেওয়া হোক।

# Sj. Bankim Mukherji:

তাহলে অনেক বিপদ থেকে বাঁচা বার। হিটল,রও তাই বলতেন (হাসা।)

"We were satisfied that it was a mistake. For that reason when the matter was brought up, we gave a decision that no useful purpose will be served by pursuing the matter further.

Accountant-General: It is because Audit has not accepted the decision that it has come up here.

Mr. Chairman: We have placed all the facts before the Committee and it is up to the Committee to say what they want to say about it. Government admitted that a mistake was made in issuing the press-note and the mistake was not mala fide and that it was not for the purpose of lowering the prestige of a particular person."

তখন আমি বলি, যাই হোক এ সন্বন্ধে কার উপর রেম্পন্সিবিলিটি দিতে হবে? তখন গভর্নমেন্ট-এর চীফ সেক্রেটারী এক নোট দেখিরেছেন যে প্রেস-নোট দেবার আগে যেন ভাল করে দেখা হয় তার ভিতর এমন কিছু না থাকে যাতে ভিফামেশন, লাইবেল এরকম কিছু না আসে। গভর্নমেন্ট এখন স্যাটিসফাইড যে চীফ সেক্রেটারী এইবকম নোট দিয়েছেন। আমি বল্লাম—

- "Sj. Bankim Mukherji: Government's final conclusion in this matter is that in order to prevent recurrence of such things in future they should be more careful about the matter to be published, but that is not the point here. The main point has been missed again. Even with the utmost carefulness, there may be some press-notes which may be of a libellous nature and something of this kind. That is not the main point. The real difficulty in this case was that no signed document was taken at any time. So they have missed the main point.
- Mr. Chairman: What is the present practice with regard to the issue of the press-note?"

  বাহোক শেষ পর্যানত এই সিম্পানত হল ভবিষাতে এরকম প্রেস-নোট বাবার আগে সে বিবরে মিনি আফস নোট দিয়েছেন তার স্বাক্ষর থাকা উচিত, আরো স্বাক্ষর করবেন ডিপার্টমেন্টের সেক্টোরারী এবং তারপর যাবে চীফ সেক্টোরার কাছে, এবং চীফ সেক্টোরারী সাইন করলে পর প্রেস-নোট

আফস নোট পিরেছেন তার স্বাক্ষর থাকা ভাচত, আরো স্বাক্ষর করনেন ভিনাট থেকের পের প্রেডনার এবং তরপর যাবে চীফ সেক্টোরীর কাছে, এবং চীফ সেক্টোরী সাইন করলে পর প্রেস-নোট বেরবে। কিন্তু এই ব্যাপারটা নিম্পত্তি করতে আধ ঘণ্টারও বেশী সময় নেওয়া হবে ঐ একটা আইটেমএ।

#### Mr. Speaker:

আজ আর কেউ বলার নেই, আপনি যতক্ষণ খুসী বলুন।

#### Si. Bankim Mukheriee:

এর ভিতর একটা জিনিস দেখতে পাবেন, আমি একদিন ঘণ্টা দুরেক অনুপশ্পিত ছিলাম।
সেদিন প্রায় ২৫-৩০টা আইটেম বিনা বাধার পাশ হয়ে গেল। সেদিন আন জারগার একটা
কাজ ছিল বলে আমার আসতে দেরি হয়েছিল। অনা বে মেন্বাররা পি. এ. কমিটির ব্যাপারে
উৎসাহ দেখান, বেমন ধারেক্দুন,ও মুখার্জি এবং মিঃ স্প্যাটেল, তাঁরা সেদিন ছিলেন কিনা
জানি না। কি করে দু ঘণ্টার ভিতর ১৮-২০টা বড় বড় পরেক্ট চলে গেল আমি দেখে আশ্চর্ম হলাম। এয়াকাউন্টেন্ট-জেনারেল সে বছর নতুন এসেছেন, সেইজনা হরত বিশেষ কিছু জোর দেন নি, কিন্তু আমি অবাক হলাম যে পশ্চিমবাংলার এত বড় বড় বা পার—বা নাকি অভিটএর
ব্যাপার—তা ও'রা জলের মতন বার করে নিজেন।

## [6-6-10 p.m.]

এটা আপনারা দেখতে পাবেন—পেজ ২৯১ খেকে চলে গেলৈ পর হোম ডিপার্টমেন্টএর পর খেকে পাতা ১৫ আপনারা দেখবেন কি রকম ব্যাপার ৷ হোম ট্রান্সপোর্টএর একটা কেসএ দেখা হল—

"In one case delay in sending the acceptance of an offer made by a contractor led to a loss of Rs. 18,580. In a second case, the delay in accepting the quotation sent by a firm for the supply of chassis caused an excess expenditure of Rs. 21,000, etc. In a third case the non-acceptance of the lowest tender for the construction of bodies of 44 Leyland buses pesulted in the excess expenditure of Rs. 2 lakhs, etc."

der.

এই সমস্ত বাপারগালি দেখা গেল। তার পর্যদন যখন এটা উঠল—তখন রিড বলে লিখে দেওয়া हाहाह अर्था शबर मन्दर्भ दिएमर किছ, जिमकामन रम ना। समान्य वाम मन्दर्भ प्रोग्मरभार् ডিপার্টমেন্ট বললেন-বেশী কিছু ছিল না। সামান্য তফাৎ হয়েছে। ৪৪টি বাস ছিল যারা টেল্ডার দিয়েছে লোয়েন্ট তাদের এক্সপিরিয়েন্স নাই। আমি জানি না কেন এয়াকাউন্টেন্ট-क्षिमात्रमः अराम्धे त्वभाम व याक भारतन ना। अमन अको ছোটখাট ব্যাপার তাঁকে ব মান গে**म** না। আরও এইরকম সমস্ত ব্যাপার আছে সেগ্রাল যে জিনিসগ্রাল এয়কাউন্টেন্ট-জেনারেলএর কাছে প্রথম থেকে নিয়ে যাওয়া উচিত। তিন কিংবা ছয় ম.স পরে নিয়ে গেলে পরেও তিনি র্ঘদি এগ্রালি স্বীকার করতেন তবে অভিট রিপোর্টএ আসত না। যেহেত স্বীকার করেন নি সেজনাই আসে, অভিট রিপোর্টএ যাবার সে কথার পনেরাবাত্তি থাকে। অথারিটি চেয়ারম্যান অব দি কমিটি সেখানে যদি বলে থাকেন তাহলে পর তা থেকে আমাদের কোন লাভ হয় না তা থেকে পাবলিক এ্যাকাউন্টস কমিটির কাজ খবে বেশী অগ্রসর হয় না। তবে আমার শেষ বন্ধবা হচ্চে—এই পার্বলিক এয়াকাউন্টস কমিটির মত একটা কমিটি তিন-চার বছর ফাংখন করার পর এটাক উন্নতি লক্ষ্য করেছি যে পার্টিশনএর পর হিউজ এরিয়ার্স ছিল তখন একটিয়ার বিষয় আমরা দেখছি যে পার্বালক এ্যাকাউন্টস কমিটির সামনে এরিয়ার্সগালি আসার পর এবং এরিয়ার্স-গুলি সম্বন্ধে নানারকম প্রচেষ্টা হবার পর অন্ততঃ এক একটা এক্সল্যানেশন প্রত্যেক ম্যাটারএ টেক-আপ করেছে এবং সেই এক্সম্পানেশন সন্তোষজনক কিনা এখনও আমরা তা জানি না যেতেত এ।াকাউন্টেন্ট-জেন।রেল কোন কমেন্ট পাশ করেন নি এবং সেটা হয়েছে তিন বছর আগে, সেটা এখানে পাবেন তিন বছর পরে—দ্রন্ডাগ্য হচ্ছে সেখানে। এ হলে পর আমরা ব্রুতে পারবো পাবলিক এ্যাকাউন্টস কমিটির এই পিরিঅডএ কজের কি উন্নতি হয়েছে না হয়েছে এবং সেটা বুঝা যাবে পাবলিক এ।কাউন্টস কমিটির রিপোর্ট পেলে পর। যেহেত চীফ মিনিস্টার এখানে এসেছেন, তার দ্যাতি পাওয়া যাচ্ছে, তাকে আমি সমরণ করিয়ে দিতে চাই, তার প্রমিসেসএর কথা তিনি রাখেন নি। জানুরারী মাসে তিনি গত সেসনএ বলেছিলেন, পি. এ. কমিটির মিটিং **ভাকবেন—কিন্ত** ভাকা হয় নি কেন? অ¦বার হয়ত আমাদের কতকগুলি বলার থ¦কবে এবং পরের বছর ১৯৫২-৫৩এর সার্কলার হ্যাজ বিন লেইড-সেটা ডিসকাশন হতে পরে এ্যাকাউন্টেন্ট-জেনারেলএর উপর চাপ দিতে পারতেন এই তিন বছরের কেন নেই? কেন পাব না? এবং মিঃ স্পীকার, স্যার, গতবারে আমি রুলিং চেয়েছি, এবারও চাইছি যে, পি. এ. কমিটি বেখানে একটা বছরের জনা ইলেকটেড হয় সেখানে একাধিক বছরের অডিট রিপোর্ট তারা আলোচনা করতে পারে কিনা? আমার নিজের ধারনা—কোন বাধা নেই, কিল্ড এইরকম নির্দেশ নেই। পি, এ, কমিটি মাত্র এক বছরের রিপোর্ট আলোচনা করতে পারে। তা যদি হয়, তখন মাঝে মাঝে দ্-এক বছরের পি. এ. কমিটির বৈঠক বসে নি. গত বছর বসে নি এবং এই যে বছর আলোচনা কর্মছ, আগেকার বছর বঙ্গে নি। এই সমস্ত এরিরাস্গালি এখন থেকে পি. এ. কমিটি যদি অস্তত দুই-তিন বছর প্রত্যেক বছর অডিট রিপোর্ট আলোচনা করে তাহলে এরিয়ার্সগরেল শোধ করতে পারব এবং তাহলেই অন্ততঃ গণতান্ত্রিক সরকার যে দেশে রয়েছে তার কিছাটা মাধ দেখবার মত অবস্থা আমাদের হবে।

### Satyagrahis from Purulia

#### Sj. Hemanta Kumar Basu:

